

নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয় : বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ টাঃ- ৪৩,০০০-৬৯৮৫০/- (জাতীয় বেতন স্কেল-২০১৫) ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্রের ১টি শূন্য উপ-পরিচালক পদ পূরণের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের দপ্তরে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে। প্রার্থীকে অবশ্যই মাস্টার্স ডিগ্রিধারী হইতে হইবে এবং শিক্ষা জীবনের সকল পর্যায়ে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণীতে পাস হইতে হইবে। প্রার্থীকে কোন বিশ্ববিদ্যালয়ে অফিসার হিসাবে দায়িত্বপূর্ণ পদে ও ছাত্র ব্যবস্থাপনা সংক্রান্ত কাজে কমপক্ষে ১০ (দশ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে ক্যাফেটেরিয়া পরিচালনা, পাঠ্যক্রম বহির্ভূত কর্মসূচী বিশেষ করিয়া ছাত্র-শিক্ষকদের সাংস্কৃতিক কর্মকাণ্ড সংক্রান্ত বিষয়ে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ১০০০/- (এক হাজার) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সকল সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ ৮ (আট) প্রস্থ দরখাস্ত আগামী ২৪-০৮-২০১৭ তারিখের মধ্যে রেজিস্ট্রারের (২০৩ নং কক্ষে) নিকট পৌঁছাইতে হইবে। চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করিতে হইবে।